

**ফরম পূরণের বিজ্ঞপ্তি**  
**বিবিএ পার্ট-২, ৩য় সেমিস্টার-২০২১**  
**শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০**

এতদ্বারা আই.এস.টির বিবিএ ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয় হতে প্রকাশিত বিজ্ঞপ্তি মোতাবেক ০৭ আগস্ট ২০২২ ইং তারিখ হতে ২৪ আগস্ট ২০২২ ইং তারিখের মধ্যে বিবিএ পার্ট-২, ৩য় সেমিস্টার ২০২১ পরীক্ষার ফরম পূরণের সময় নির্ধারণ করা হয়েছে। এ প্রেক্ষিতে সংশ্লিষ্ট পরীক্ষার্থীদেরকে প্রিন্টকৃত ফরম হিসাব শাখায় জমা দেয়ার পূর্বে হিসাব শাখা ও লাইব্রেরী সেকশন হতে যাবতীয় পাওনাদি পরিশোধ সাপেক্ষে ছাড়পত্র সংগ্রহ করতে হবে। উক্ত তারিখের পর কোন ক্রমেই ফরম পূরণ করতে পারবেনা।

ফরম পূরণের নির্দেশনাবলী:

ক) পরীক্ষার্থী কর্তৃক অনলাইনে ফরম পূরণ এবং কলেজে জমাদানের তারিখ: ০৭/০৮/২০২২ থেকে ২৪/০৮/২০২২ পর্যন্ত।

খ) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ([www.nubd.info/cse](http://www.nubd.info/cse)) form fill-up এ গিয়ে Apply to online form fill-up (for Student) লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে ১ কপি পাসপোর্ট সাইজে ছবি নির্ধারিত স্থানে আইকা গাম দ্বারা আটকিয়ে নির্ধারিত ফি জমা দিয়ে হিসাব শাখা জমা দিতে হবে।

ফরম পূরণ সংক্রান্ত যে কোন প্রয়োজনে কোর্স কো-অর্ডিনেটর/পরিচালক (প্রশাসন) এর সাথে যোগাযোগ করতে বলা হচ্ছে। বকেয়া সংক্রান্ত কোন ধরনের সুপারিশ গ্রহণযোগ্য নয়।

নিয়মিত পরীক্ষার্থীদের জন্য: পরীক্ষার ফি ২৫০০/-, প্রিপারেশন টেস্ট ফি ৩০০/- টাকা সহ সর্বমোট ২৮০০/- টাকা নগদ হিসাব শাখায় জমা দিতে হবে।

মান-উন্নয়ন পরীক্ষার ফি: প্রতি পত্র ৩০০/-, অধিভুক্তি ফি: ৪০০/- এবং কেন্দ্র ফি: ৫০০/- টাকা। ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা C, D এবং F গ্রেড প্রাপ্ত বিষয়ে এইবারেই মান-উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে পরবর্তীতে তাদের আর কোন সুযোগ দেয়া হবেনা। ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা শুধুমাত্র F গ্রেড বিষয়ে শেষ বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। অর্থ্যাৎ ১ বিষয় ১২০০/- টাকা। এছাড়া ২০১৪-২০১৫, ২০১৫-১৬, ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের বিশেষ অধিভুক্তি ফি ৩০০/- টাকা দিয়ে ফরম পূরণ করতে পারবে।

স্বাক্ষরিত//

(মেহেদী হাসান)

কোর্স কো-অর্ডিনেটর

বিবিএ ৩য় সেমিস্টার

আই.এস.টি।

কপি প্রেরণ:

- ১। অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), আই.এস.টি।
- ২। পরিচালক(একাডেমিক), আই.এস.টি।
- ৩। পরিচালক (প্রশাসন), আই.এস.টি।
- ৪। উপ-পরিচালক (একাডেমিক), আই.এস.টি।
- ৫। বিভাগীয় প্রধান, ব্যবসা প্রশাসন বিভাগ
- ৬। চীফ প্রশাসনিক কর্মকর্তা, আই.এস.টি।
- ৭। হিসাব শাখা, আই.এস.টি।
- ৮। লাইব্রেরী শাখা, আই.এস.টি।
- ৯। আই.এস.টি নোটিশ বোর্ড।
- ১০। অফিস সেক্রেটারী (বিজ্ঞপ্তি আই.এস.টির ওয়েব সাইটে প্রকাশের জন্য প্রেরণ করা হল)।